দৈনিক
জনকণ্ঠ

তারিখ 29 JAN 20.3 ... ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ......

### চারুকলা ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

## ক্যাম্পাসে তোলপাড় ॥ নতুন করে পরীক্ষা নেয়ার দাবিতে বিক্ষোভ মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের অনার্স ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার ঘটনায় ক্যাম্পাসে তোলপাড় শুরু হয়েছে। ইনস্টিটিউটের সাধারণ ছাত্রছাত্রীরা উক্ত ভর্তি পরীক্ষা বাদ দিয়ে নতুন করে পরীক্ষা নেয়ার দাবিতে

(৭- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ক্যাম্পাসে তোলপাড়

(৮-এর পাতার পর)

মঙ্গলবার ইনস্টিটিউটে বিক্ষোভ মিছিল করেছে। একই দাবিতে তারা আজ বুধবার ক্যাম্পাসে মানববন্ধন ও উপাচার্যের কাছে স্মারকলিপি দেবে। বাংলাদেশ ছাত্রলীগ প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে। অন্যদিকে কর্তৃপক্ষ অধ্যাপক সৈয়দ আবুল বারক আলভীকে আহ্বায়ক করে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে।

জানা গেছে, গত শনিবার অনুষ্ঠিত অনার্স ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে ইনস্টিটিউটের এক শিক্ষক দ্বারা পরিচালিত একটি কোচিং সেন্টারের মডেল টেস্টের প্রশ্ন অধিকাংশই মিলে যায়। এমনটি ভর্তি পরীক্ষার প্রশ্নে দুইটি বানান ভুলও মডেল টেস্টের প্রশ্নে রয়েছে। এই ঘটনা দৈনিক জনকণ্ঠসহ দুই একটি দৈনিকে প্রকাশিত হলে তোলপাড় শুরু হয়। সাধারণ ছাত্রছাত্রীরা প্রথমে ইনস্টিটিউটের পরিচালকের নিকট স্মারকলিপি দেয়। এর পর মঙ্গলবার সকালে কয়েক শ' ছাত্রছাত্রী বৈঠক করে মিছিল ও মানববন্ধনের সিদ্ধান্ত নেয়। গতকালকের মিছিলটি ইনস্টিটিউটের মাঠ থেকে বের হয়ে পুরো ইনস্টিটিউট প্রদক্ষিণ করে পুনরায় মাঠে শেষ হয়। এর পর নতুন কর্মসূচী ঘোষণা করা হয়। এ সময় ছাত্রছাত্রীরা জানায়, শীঘ্রই ভর্তি পরীক্ষা বাতিল করে নতুন করে পরীক্ষা না নিলে তারা ধর্মঘটসহ কঠোর কর্মসূচী দেবে। এ সময় পরীক্ষা দেয়া বেশকিছু ছাত্রছাত্রী উপস্থিত ছিল। এদিকে ছাত্রলীগ দুপুরে প্রশ্নপত্র ফাঁস ও দলীয়করণ করে শিক্ষক নিয়োগের প্রতিবাদে মধুর কেন্টিন থেকে মিছিল বের করে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়।